Website: www.bb.org.bd

**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা ।**

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৬ তারিখঃ ৩১ মার্চ, ২০১৪
১৭ চৈত্র, ১৪২০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**বোর্ড সভায় যোগদানকারী সদস্যগণের সম্মানীর উপর ১৫% হারে মূসক কর্তন।**

উপর্যুক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর ২৭ ফেব্রুয়ারী ২০১৪ তারিখের নথি নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০১৮.১২/১০৭(৬) অপর পৃষ্ঠায় হুবহু পুনর্মুদ্রিত হলো। উক্ত নথির নির্দেশনা অনুসরণ এবং তার পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ শাহ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা ।
[মূসক আইন ও বিধি শাখা]

# পরিপত্র

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০১৮.১২/১০৭(৬) তারিখঃ ২৭/০২/২০১৪ খ্রিঃ

**বিষয় ঃ বোর্ড সভায় যোগদানকারী সদস্যগণের সম্মানীর উপর ১৫% হারে মূসক কর্তন ।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,"বোর্ড সভায় যোগদানকারী" শীর্ষক সেবার মূসক আদায়ের ক্ষেত্রে বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের মধ্যে অস্পষ্টতা রয়েছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে এবং এ বিষয়ে স্পষ্টীকরণ প্রয়োজন মর্মে বোর্ড মনে করে ।

০২। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৭৫-আইন/২০১১/৫৯৮-মূসক, তারিখঃ ০৯ জুন, ২০১১ মোতাবেক "বোর্ড সভায় যোগদানকারী" সেবার (S ০৫৩.০০) সংজ্ঞা দেওয়া হয়েছে, যা নিম্নরূপঃ

"বোর্ড সভায় যোগদানকারী অর্থ কোন ব্যক্তি যিনি কোন সরকারী, আধা সরকারী, বেসরকারী (এন.জি.ও.), বাংলাদেশে অবস্থিত আন্তজার্তিক সংস্থা, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানির বোর্ড বা বার্ষিক সাধারণ সভায় ফি বা সম্মানীর বিনিময়ে যোগদান করিয়া থাকেন ।" এস.আর.ও নং-১৮২-আইন/২০১২/৬৪০-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১২ তে আলোচ্য সেবা কোডের সংকুচিত ভিত্তিমূল্য নেই বিধায় আলোচ্য সেবার বিপরীতে সমুদয় প্রাপ্তির উপর ১৫% হারে মূসক প্রযোজ্য ।

০৩। প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৩-আইন/২০১২/৬৪১-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১২ এর আওতায় "বোর্ড সভায় যোগদানকারী" শীর্ষক সেবা প্রদানকারীর ক্ষেত্রে মূসক নিবন্ধন পত্র গ্রহণের বাধ্যবাধকতা রহিত করা হয়েছে ।

০৪। সাধারণ আদেশ নং-২৫/মূসক/২০১৩, তারিখঃ ০৬ জুন, ২০১৩ অনুযায়ী সেবাটির ক্ষেত্রে প্রযোজ্য মূসক উৎসে কর্তন বাধ্যতামূলক। উৎসে কর্তনের ১৫ কর্মদিবসের মধ্যে কর্তিত অর্থ সরকারী ট্রেজারীতে (কোড নং-১/১১৩৩/কমিশনারেট কোড/০৩১১) জমা করতে হবে।

০৫। বোর্ড সভায় যোগদানকারী (সেবার কোড S ০৫৩.০০) যে প্রতিষ্ঠানের বোর্ড সভায় যোগ দিবেন সে প্রতিষ্ঠান যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের অধিক্ষেত্রে অবস্থিত, সে কার্যালয়ে জমাকৃত রাজস্বের ট্রেজারী চালানের কপি প্রেরণ করতে হবে ।

০৬। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এ পরিপত্র জারী করা হলো ।

স্বাক্ষরিত/-(২৭/০২/১৪ খ্রিঃ)
মোঃ শওকাত হোসেন
প্রথম সচিব (মূসক নীতি)